---

**ফুল্লরা সতীপীঠ**

ফুল্লরা সতীপীঠ হল ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের বীরভূম জেলার লাভপুর শহরের কাছে বীরভূমের অভ্যন্তরীণ গ্রাম - সেখানে মাতাআদিশক্তি বা ফুল্লরাদেবীর সুন্দর মন্দির রয়েছে। এটি বোলপুর শান্তিনিকেতন থেকে 30 কিলোমিটার দূরে অবস্থিত একটি হিন্দু তীর্থস্থান ও পর্যটন কেন্দ্র । পশ্চিমবঙ্গের বীরভূম জেলায় যে কটি সতীপীঠ রয়েছে তারমধ্যে অন্যতম লাভপুরের ফুল্লরা মন্দির । কথিত আছে, এখানে মায়ের গর্ভস্থ ফুল পড়েছিল -দেবী মাকে এখানে ফুল্লরা নামে সম্বোধন করা হয়। এই মন্দিরে কোনও বিগ্রহ নেই। সিন্দুরচর্চিত কচ্ছপাকৃতি শিলাখণ্ডই দেবীর প্রতিভূ। রীতি অনুযায়ী অন্যান্য পীঠের মতো এখানেও বিশ্বেশ ভৈরব শিবের মন্দির।
সামগ্রিক পরিবেশ হল স্থানটি অত্যন্ত ঐশ্বরিক এবং শান্ত ।
প্রাচীন কালে কাশীর মণিকর্ণিকা ঘাটে তপস্যা করার সময় মায়ের স্বপ্নাদেশ পান কৃষ্ণানন্দ গিরি নামে এক সন্ন্যাসী। স্বপ্নে ওই সন্ন্যাসীকে এই অঞ্চলে এসে তাঁর পুজো শুরু করার নির্দেশ দেন মা। তবেই মোক্ষলাভ হবে ওই সন্ন্যাসীর। সেই সময় এই অঞ্চল ছিল এক দ্বীপের মত। নির্দেশ পেয়ে এই স্থানে আসেন সন্ন্যাসী কৃষ্ণানন্দ গিরি। এরপর কোনও এক মাঘী পূর্ণিমায় জয় দুর্গা রূপে মায়ের দেখা পান তিনি। তারপর তিনিই মায়ের কথা চারদিকে প্রচার করতে শুরু করেন। ফুল্লরাপীঠ সতীপীঠ এর অন্যতম যেখানে দুর্গা পূজার আগে প্রতি বছর ঘটে অলৌকিক ঘটনা।